

ইত্তেফাক

তারিখ ... 20/10/77. ....  
পৃষ্ঠা... ..!.....কলাম...5... ..

012

## ঢাকা বিশ্ববিদ্যালয় বিএসসি পরীক্ষার ফল প্রকাশ

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১৭৬-সনের বি.এস.সি (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। গত জুন-জুলাই মাসে অনুষ্ঠিত বি.এস-সি (পাস) কোর্সে সর্বমোট ৩ হাজার ৪ শত ৮৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পাসের হার শতকরা ১৬ শতাংশ ৩ ভাগ। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৯ জন প্রথম বিভাগ, ১ শত ৮৯ জন দ্বিতীয় বিভাগ, ৩ শত ৬০ জন তৃতীয় বিভাগ এবং ৭ জন পাস পাইয়া উত্তীর্ণ হইতে সক্ষম হইয়াছেন। মেধা তালিকানুযায়ী নারায়ণগঞ্জ তোলারাম কলেজের (রোল নং-১০২৭৮) জনাব আবদুল হামান প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করিয়াছেন। পরীক্ষার টাঙ্গাইলের ভূমাপুর কলেজ হইতে সর্বাধিকসংখ্যক পরীক্ষার্থী উত্তীর্ণ হইয়াছেন। ঢাকার কাপাসিয়া কলেজের ৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ১ জন এবং ঢাকার সরকারী জগন্নাথ কলেজের ৪ শত ৯ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ১৭ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হইতে পারিয়াছেন।

বি.এস.সি সাবসিডিয়ারী পরীক্ষার সর্বমোট ১ হাজার ২ শত ১৫ জন পরীক্ষার্থী অংশ নেন। অংশ গ্রহণকারীদের মধ্যে ৩ শত ৪৯ জন কৃতকার্য হইয়াছেন। পাসের হার শতকরা ২৭। তবে ঢাকার সরকারী ইডেন মহিলা কলেজ হইতে গণিতে ১১ জন পরীক্ষার্থীর কেহই উত্তীর্ণ হইতে পারেন নাই। ইহা ছাড়াও ঢাকার সরকারী তীতুমীর কলেজে কেহই সাবসিডিয়ারীতে উত্তীর্ণ হইতে পারেন নাই।